



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৯৩১/৭৫

তারিখ : ২৪-০৭-২০২৪ খ্রি.

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : জনাব মোঃ আমজাদ হোসেন-এর ১২-০৩-২০২৪ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেফিতে জানানো যাচ্ছে যে, আপনি নির্বাচিত ম্যানেজিং কমিটির মেয়াদ শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক একই বিদ্যালয়ের প্রধান শিক্ষক/কমিটির সদস্য সচিব-এর বিরুদ্ধে প্রমাণিত আর্থিক দুর্নীতি ও অনিয়মের অভিযোগের সুপারিশকৃত না হওয়া পর্যন্ত চলমান রাখা/নতুন যে কোনো কমিটি ঘোষণা না করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য গত ১৮-০২-২০২৪ খ্রি. তারিখে আবেদন করেন এবং মহামান্য হাইকোর্টে ২১৯২/২০২৪ নং রিট পিটিশন দায়ের করেন। মহামান্য আদালত গত ০৪-০৩-২০২৪ খ্রি. তারিখে শুনানী-অন্তে আপনার গত ১৮-০২-২০২৪ খ্রি. তারিখের আবেদন রিট পিটিশনের নোটিশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তির জন্য রেসপন্ডেন্ট পক্ষের প্রতি নির্দেশ প্রদান করেন কিন্তু অদ্যাবধি মহামান্য আদালতের নোটিশ পাওয়া যায় নাই। তবে সার্টিফাইড কপি পাওয়া গিয়াছে। বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গত ০১-০৩-২০২২ খ্রি. তারিখে অত্র বোর্ড হতে অনুমোদন হয় এবং গত ১২-০৩-২০২২ খ্রি. তারিখে প্রথম সভা করেন সেই মোতাবেক গত ১১-০৩-২০২৪ খ্রি. তারিখে প্রবিধানমালা-২০০৯ এর ০৭ ও ০৮ ধারা মোতাবেক গঠিত নিয়মিত ম্যানেজিং কমিটির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হয়। উক্ত কমিটির নির্ধারিত সময়সীমার মধ্যে পরবর্তী কোনো কায়ক্রম গ্রহণ না করায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক গত ১৪-০১-২০২৪ খ্রি. তারিখে অ্যাডহক কমিটি গঠনের অনুমতির আবেদন দাখিল করেন এবং গত ২০-০২-২০২৪ খ্রি. তারিখে অত্র বোর্ড দাখিলকৃত অ্যাডহক কমিটি অনুমোদন দেন।

এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী আপনার দাখিলকৃত আবেদনের প্রার্থিত প্রতিকার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রবিধানমালা-২০০৯ ও প্রবিধানমালা-২০২৪ মোতাবেক পাইবার কোনো সুযোগ নাই। বিষয়টি আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৬২৭০৫


জনাব মোঃ আমজাদ হোসেন, সাবেক সভাপতি  
সোনাবাড়ীয়া সম্মিলিত মাধ্যমিক বিদ্যালয় (১১৮৬৪৫)  
সোনাবাড়ীয়া, কলারোয়া, সাতক্ষীরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৯৩১/৭৫(১-৬)

তারিখ : ২৪-০৭-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :


- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।
- ৫। প্রধান শিক্ষক, সোনাবাড়ীয়া সম্মিলিত মাধ্যমিক বিদ্যালয়, সোনাবাড়ীয়া, কলারোয়া, সাতক্ষীরা।
- ৬। সংরক্ষণ নথি।

  
২৪/০৭/২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

  
২৪/০৭/২৪